

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস)
প্রজ্ঞাপন

তারিখ: ০৬ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ/২১ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৩৬৯-আইন/২০১৯/৫৪/কাস্টমস — Customs Act, 1969 (IV of 1969) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ১৪ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ২৮ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৬৩-আইন/২০০৭/২১৫৪/শুল্ক রহিত করিয়া উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (১) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত H.S. Code এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উহাদের উপর আরোপণীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরি ডিউটি ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে অব্যাহতি প্রদান করিল, যথা :—

TABLE

Heading	ঐ.ঝ. ঙ্গড়ফব	উবংপত্রঢ়ঃরড়হ
(1)	(2)	(3)
07.13	All H.S. Codes	Different type of pulses
09.04	0904.11.10 0904.11.90	Seeds for sowing of pepper of genus piper

(২৫২৮৭)

মূল্য : টাকা ৪.০০

(1)	(2)	(3)
09.09	0909.21.10 0909.21.90	Seeds of coriander for sowing
10.01	1001.11.10 1001.11.90 1001.91.10 1001.91.90	Wheat seeds
12.07	1207.50.10 1207.50.90	Mustard seeds
12.09	1209.91.00 1209.99.00	Vegetable seeds Onions seeds

শর্তাবলী :

- (১) খুচরা মোড়কজাত (অনধিক ১ কেজি) এবং সরাসরি কৃষক পর্যায়ে বিপণনযোগ্য অবস্থায় আমদানিকৃত বীজের ক্ষেত্রে সংশ্লিষ্ট রপ্তানীকারক দেশের সরকারি অথবা সরকার কর্তৃক স্বীকৃত বীজ প্রত্যয়ন এজেন্সির নিকট হইতে বীজের জার্মিনেশন রেট, গ্রীষ্ম প্রধান দেশে ব্যবহারযোগ্য এবং বপনের সময় ইত্যাদি বিষয় পরিষ্কার ও বিস্তারিত উল্লেখ সহকারে প্রত্যয়ন পত্র শুদ্ধায়নের পূর্বে সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;
 - (২) স্বাভাবিক ব্যাগজাত বীজ (অনধিক ২৫ কেজি) আমদানির ক্ষেত্রে এল.সি খোলার পূর্বে বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মহাপরিচালক (বীজ) এর নিকট হইতে বীজের পরিমাণ ও প্রয়োজনীয়তার বিষয়ে অনুমতি (দুই কপি) গ্রহণ করিতে হইবে এবং শুদ্ধায়নের সময় কাস্টমস কর্তৃপক্ষের নিকট একটি মূল কপি দাখিল করিতে হইবে; এবং
 - (৩) সকল ক্ষেত্রে মোড়ক বা ব্যাগের উপরে “Seed for sowing only” লেখাসহ বীজের সংক্ষিপ্ত বিবরণ লিখিত থাকিতে হইবে এবং কোন অবস্থায় মোড়কবিহীন বীজ আমদানি করা যাইবে না।
- ২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।